রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, ডিসেম্বর ৪, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ অগ্রহায়ণ ১৪২১/০৪ ডিসেম্বর ২০১৪

**নম্বর ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৩-৩৭৯**—বিশিষ্ট সাংবাদিক ও আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ জনাব জগলুল আহমেদ চৌধুরী গত ২৯ নভেম্বর ২০১৪ তারিখে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে......রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

২। দ্য পিপল পত্রিকায় জনাব জগলুল আহমেদ চৌধুরীর সাংবাদিকতা জীবন শুরু হয়। পাকিস্তান সেনাবাহিনী এ পত্রিকার অফিসটি জ্বালিয়ে দিলে তিনি বাংলাদেশ সংবাদ সংস্থায় (বাসসে) রিপোর্টার হিসাবে যোগ দেন। ধাপে ধাপে পদোন্নতি পেয়ে তিনি এক পর্যায়ে এই সংস্থার প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন। কূটনৈতিক রিপোর্টার হিসাবে তিনি বিশেষ কৃতিত্বের স্বাক্ষর রাখেন। সাংবাদিক হিসাবে তিনি বহু আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও দ্বিপক্ষীয় সফর দক্ষতার সঙ্গে কভার করেছেন। বাসস-এর দিল্লি প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালনকালে তিনি সেখানকার সাংবাদিক ও কূটনৈতিক মহলে বিশেষ পরিচিতি লাভ করেন।

৩। বাসসে থাকা অবস্থায়ই তিনি বিভিন্ন পত্রিকায় কলাম লিখতে শুরু করেন। বাংলাদেশে যে অল্প কয়েকজন কলাম লেখক একাধারে ইংরেজি ও বাংলা ভাষায় লিখেছেন, জনাব জগলুল আহমেদ চৌধুরী ছিলেন তাঁদের অন্যতম। ইংরেজি ভাষায় লেখা তাঁর দুটি পুস্তক ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। তিনি বিদেশি সংবাদমাধ্যমের সঙ্গেও সম্পৃক্ত ছিলেন। তিনি ভারতের ইংরেজি দৈনিক ‘টাইমস অব ইন্ডিয়া’, আন্তর্জাতিক সংবাদ সাময়িকী ‘টাইম’, জাপানের জিজি প্রেস এবং কাতার বার্তা সংস্থার বাংলাদেশ প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ওভারসিজ করেসপন্ডেট অ্যাসোসিয়েশন

বাংলাদেশ (ওকাব)-এর সভাপতি ও কমনওয়েলথ জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের (সিজেএ) বাংলাদেশ শাখার নির্বাহী কমিটির সদস্য ছিলেন। জনাব জগলুল আহমেদ চৌধুরী জাতীয় প্রেস ক্লাব এবং ঢাকা রিপোর্টার্স ইউনিটির স্থায়ী সদস্য ছিলেন। তিনি দীর্ঘদিন ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা 'ডিসিসিআই রিভিউ'-এর এ্যাডভাইজরি বোর্ডের সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন। সর্বশেষ তিনি দি ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস পত্রিকার উপদেষ্টা সম্পাদক হিসাবে কর্মরত ছিলেন।

৪। ব্যক্তিগত জীবনে জনাব জগলুল আহমেদ চৌধুরী ছিলেন অত্যন্ত অমায়িক, সদালাপী ও বন্ধুবৎসল। তাঁর মৃত্যুতে বাংলাদেশের সংবাদ মাধ্যমে এক গভীর শূন্যতার সৃষ্টি হল।

৫। বিশিষ্ট সাংবাদিক জনাব জগলুল আহমেদ চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৭ অগ্রহায়ণ ১৪২১/০১ ডিসেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৬। বিশিষ্ট সাংবাদিক ও আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ জনাব জগলুল আহমেদ চৌধুরীর মৃত্যুতে মন্ত্রিসভার ১৭ অগ্রহায়ণ ১৪২১/০১ ডিসেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ১৭ অগ্রহায়ণ ১৪২১ / ০১ ডিসেম্বর ২০১৪

বিশিষ্ট সাংবাদিক ও আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ জনাব জগলুল আহমেদ চৌধুরী গত ২৯ নভেম্বর ২০১৪ তারিখে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে......রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

দ্য পিপল পত্রিকায় জনাব জগলুল আহমেদ চৌধুরীর সাংবাদিকতা জীবন শুরু হয়। পাকিস্তান সেনাবাহিনী এ পত্রিকার অফিসটি জ্বালিয়ে দিলে তিনি বাংলাদেশ সংবাদ সংস্থায় (বাসসে) রিপোর্টার হিসাবে যোগ দেন। ধাপে ধাপে পদোন্নতি পেয়ে তিনি এক পর্যায়ে এই সংস্থার প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন। কূটনৈতিক রিপোর্টার হিসাবে তিনি বিশেষ কৃতিত্বের স্বাক্ষর রাখেন। সাংবাদিক হিসাবে তিনি বহু আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও দ্বিপক্ষীয় সফর দক্ষতার সঙ্গে কভার করেছেন। বাসস-এর দিল্লি প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালনকালে তিনি সেখানকার সাংবাদিক ও কূটনৈতিক মহলে বিশেষ পরিচিতি লাভ করেন।

বাসসে থাকা অবস্থায়ই তিনি বিভিন্ন পত্রিকায় কলাম লিখতে শুরু করেন। বাংলাদেশে যে অল্প কয়েকজন কলাম লেখক একাধারে ইংরেজি ও বাংলা ভাষায় লিখেছেন, জনাব জগলুল আহমেদ চৌধুরী ছিলেন তাঁদের অন্যতম। ইংরেজি ভাষায় লেখা তাঁর দুটি পুস্তক ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। তিনি বিদেশি সংবাদমাধ্যমের সঙ্গেও সম্পৃক্ত ছিলেন। তিনি ভারতের ইংরেজি দৈনিক 'টাইমস অব ইন্ডিয়া', আন্তর্জাতিক সংবাদ সাময়িকী 'টাইম', জাপানের জিজি প্রেস এবং কাতার বার্তা সংস্থার বাংলাদেশ প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ওভারসিজ করেসপন্ডেট অ্যাসোসিয়েশন বাংলাদেশ (ওকাব)-এর সভাপতি ও কমনওয়েলথ জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের (সিজেএ) বাংলাদেশ শাখার নির্বাহী কমিটির সদস্য ছিলেন। জনাব জগলুল আহমেদ চৌধুরী জাতীয় প্রেস ক্লাব এবং ঢাকা রিপোর্টার্স ইউনিটির স্থায়ী সদস্য ছিলেন। তিনি দীর্ঘদিন ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা 'ডিসিসিআই রিভিউ'-এর এ্যাডভাইজরি বোর্ডের সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন। সর্বশেষ তিনি দি ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস পত্রিকার উপদেষ্টা সম্পাদক হিসাবে কর্মরত ছিলেন।

ব্যক্তিগত জীবনে জনাব জগলুল আহমেদ চৌধুরী ছিলেন অত্যন্ত অমায়িক, সদালাপী ও বন্ধুবৎসল। তাঁর মৃত্যুতে বাংলাদেশের সংবাদ মাধ্যমে এক গভীর শূন্যতার সৃষ্টি হল। মন্ত্রিসভা বিশিষ্ট সাংবাদিক জনাব জগলুল আহমেদ চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে। মন্ত্রিসভা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd